



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৪২.১৩- ২৭৫২

তারিখ: ০৫/০৫/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়: ব্যাখ্যা প্রদান।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের সুফলভোগী সদস্যদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়াস্থ বঙ্গবন্ধু দরিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এ ৩০ (ত্রিশ) দিন ব্যাপী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণার্থী মনোনয়নের বিষয়ে প্রকল্পের স্মারক নং ৪৭.৬২.০০.০০.৯৬১.০০.০২৪.১২.৯৮১ তারিখ ১৭/৭/২০১৩ খ্রিঃ এবং ৪৭.৬২.০০.০০.৯৬১.০০. ৭৭০. ১৪-২৫৭২ তারিখ ২৩/২/২০১৫ খ্রিঃ মূলে সমিতির সভাপতি ও ম্যানেজার ব্যতিত ২০-৩৫ বছর বয়সের দরিদ্র, অসহায়, সুবিধা বঞ্চিত আত্মহী ও শিক্ষিত সুফলভোগীদের নির্বাচনের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। কিন্তু গত ০৬/০৪/২০১৫ খ্রিস্টাব্দ হতে ০৫/০৫/২০১৫ খ্রিস্টাব্দ পর্যন্ত অনুষ্ঠিত ১৩ তম ব্যাচের প্রশিক্ষণে প্রকল্পের নির্দেশনা লঙ্ঘন করে আপনার উপজেলা হতে ১৮ বছরের কম বয়সী মহিলাকে সদস্য নির্বাচন এবং প্রশিক্ষণে প্রেরণ/ ৪০ বছরের বেশী বয়সী সদস্যকে/ আর্থিক ভাবে স্বচ্ছল সুফলভোগী সদস্যকে বর্ণিত প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। ইহাতে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত অত্র প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য মারাত্মক ভাবে ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায়, আপনার উপজেলা হতে সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে কেন প্রকল্পের নির্দেশনা লঙ্ঘন করা হলো তার ব্যাখ্যা আগামি ১৫/৫/২০১৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রেরণের জন্য বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো)
উপজেলা: জীবননগর/পিরোজপুর সদর/চরফ্যাশন/
চুয়াডাঙ্গা সদর/সাতক্ষীরা সদর, দেবহাটা।
জেলা: মেহেরপুর/পিরোজপুর/ভোলা/ চুয়াডাঙ্গা/ সাতক্ষীরা/খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: -----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা:-----, জেলা: -----।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সংশ্লিষ্ট/ব্যক্তিগত নথি।